

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

০২ ফাল্গুন, ১৪২৩

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.০২.৬৯৮.১৬-৮২৩

তারিখ: -----

২৪ ফেব্রুয়ারি, ২০১৭

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতায় জঙ্গিবাদ বিরোধী প্রচারণাসহ জনসচেতনতামূলক প্রশিক্ষণ/অনুষ্ঠান আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত নীতিমালার আলোকে ২০১৬-২০১৭ অর্থবছরে সদাশয় সরকারের পারফরম্যান্স ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের উদ্দেশ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালকের সাথে জেলা কার্যালয়সমূহের উপ-পরিচালকদের গত ২৮ জুন, ২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির কার্যক্রমসমূহের মধ্যে প্রতি জেলায় ০১(এক)টি করে এবং প্রতি উপজেলায় ০২(দুই)টি করে 'জনসচেতনতামূলক অনুষ্ঠান' আয়োজনের সংস্থান রাখা হয়েছে। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে প্রধান কার্যালয় হতে 'জঙ্গিবাদ বিরোধী প্রচারণাসহ জনসচেতনতামূলক প্রশিক্ষণ' শিরোনামে ইতোমধ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।

- ০২। এলাকার জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্টদের আমন্ত্রণপূর্বক তাঁদের পরামর্শ গ্রহণ করতঃ জনসচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে।
- ০৩। আগামী ২০ এপ্রিল, ২০১৭ তারিখের মধ্যে জেলা-উপজেলায় উক্ত অনুষ্ঠান আয়োজন করে সচিত্র প্রতিবেদন প্রধান কার্যালয়ের বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখায় প্রেরণ করতে হবে।
- ০৪। জেলা এবং জেলাধীন উপজেলাসমূহে জনসচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের সম্ভাব্য তারিখ নির্ধারণপূর্বক ১৫ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। প্রয়োজনবোধে প্রধান কার্যালয় হতে মহাপরিচালক তাঁর প্রতিনিধি উক্ত অনুষ্ঠানে যোগদান করবেন।
- ০৫। আশা করা যায়, যুবসমাজকে সঠিক দিক-নির্দেশনা প্রদানে 'জনসচেতনতামূলক অনুষ্ঠান' এর সফল আয়োজন সম্ভব হবে।

(শোঃ আখতার আলী সরকার)  
পরিচালক(প্রশিক্ষণ)

পরিচালক(বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন)অঃদাঃ

ফোন: ৯৫৫৩২৮৮।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....(সকল) জেলা।

অনুলিপিঃ

- ০১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
- ০২। যুগ্ম-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। পরিচালক/প্রকল্প পরিচালক..... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, ..... জেলা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..... উপজেলা..... জেলা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা..... জেলা।
- ০৮। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। অফিস কপি।